

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
কলেজ অব নার্সিং (একাডেমিক ভবন)

শেরে বাংলা নগর

ঢাকা-১২০৭

www.dgnm.gov.bd

নং- ৪৫০৩০০০০০৮১৪০৩৭১৮-১০১

তারিখঃ-১৩/২/২০২০ইং

বিষয়ঃ নার্সিং ও মিডওয়াইফারি শিক্ষা কার্যক্রম সম্পর্কিত সতর্কীকরণ নোটিশ।

উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে ও কার্যকরি ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, নার্সিং ও মিডওয়াইফারি শিক্ষার মান উন্নয়নের জন্য বর্তমান সরকার ব্যাপক কর্ম-পরিকল্পনা গ্রহণ করেছে। তাই নার্সিং ও মিডওয়াইফারি শিক্ষার মানোন্নয়নে, স্বচ্ছতা, জবাবদিহিতা ও নিরপেক্ষতা বজায় রাখার স্বার্থে সকল সরকারি নার্সিং ও মিডওয়াইফারি শিক্ষা প্রতিষ্ঠানের কর্মকর্তা ও কর্মচারীগণ সচেতন থাকবেন। এ শিক্ষায় আগত শিক্ষার্থীদের সাথে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল, এবং বিভিন্ন বিশ্ববিদ্যালয় প্রদত্ত নিয়ম নীতি অনুসারে ভর্তি সহ শিক্ষা কার্যক্রম সম্পন্ন করতে হবে।

২। শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে কেবল মাত্র নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর কর্তৃক প্রদত্ত তালিকা ও নির্দেশনার প্রতি সজাগ ও সতর্ক থাকবেন। ছাত্র-ছাত্রী ভর্তি সংক্রান্ত কোন ধরণের অনিয়ম পরিলক্ষিত হলে সরকারি বিধি মোতাবেক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।



মোহাম্মদ আবদুল হাই (পিএএ)

(উপসচিব)

পরিচালক (শিক্ষা)

নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

অধ্যক্ষ/নার্সিং ইন্সট্রাক্টর ইনচার্জ (সকল)।

অনুলিপি:

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। উপসচিব (নার্সিং শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। রেজিস্ট্রার, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল, ঢাকা।
- ৪। অতিরিক্ত সচিব (নার্সিং শিক্ষা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৭। পিএমআইএসশাখা নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
- ৮। অফিস নথি।